

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায় প্রকল্প  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ১১১৭

তারিখঃ ০৬ আগস্ট ২০২৩

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য সুস্পষ্ট নীতিমালা এবং সময়ে সময়ে জারিকৃত গাইড লাইন থাকা স্বত্বেও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও কর্মসূচির কর্মকর্তা/কর্মচারীর অবহেলা এবং অসতর্কতার কারণে বিভিন্ন উপজেলায় কর্মরত কর্মচারী কর্তৃক হস্তমজুত/আত্মসাৎ এর মতো অপরাধমূলক কর্মকান্ড পরিলক্ষিত হচ্ছে। যা প্রকল্প/কর্মসূচির জন্য উদ্বিগ্নজনক ও হুমকি স্বরূপ। তাই অধিকতর সতর্ক থেকে ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য পুনরায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:


০১। বাস্তবায়ন নির্দেশিকা ৫.১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী সুফলভোগী সদস্যদের উপস্থিতিতে ব্যাংক অ্যাডভাইসের মাধ্যমে সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। সুফলভোগী সদস্যদের স্ব-শরীরে উপস্থিতি ব্যতিত ঋণের অর্থ নগদায়ন না করার বিষয়টি প্রদানকৃত ব্যাংক অ্যাডভাইসে উল্লেখ করতে হবে এবং একই সাথে সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার কে অবহিত করতে হবে।

০২। ঋণের অর্থ স্থানান্তরের সময় সুফলভোগী সদস্যদের ঋণ বিতরণ সনদ/বিতরণ রেজিস্টারে ইউআরডিও/এআরডি'র উপস্থিতিতে স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং সদস্য পাশবহিতে ঋণের পরিমাণ উল্লেখপূর্বক ইউআরডিও/এআরডিও স্বাক্ষর করবেন। ঋণের অর্থ যথাযথভাবে ব্যবহার ও সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবের চেকবহি/চেকেরপাতা অন্য কাউকে/মাঠ সংগঠক/বাহককে প্রদান না করার বিষয়ে সদস্যদের সতর্ক করতে হবে।

০৩। ঋণ বিতরণ পরবর্তী ১০ কর্মদিবসের মধ্যে সদস্যরা ঋণের অর্থ পেয়েছে কিনা এবং তা যথাযথ ব্যবহার করছেন কিনা সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে নিশ্চিত হবেন এবং সার্বিক বিষয়টি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তদারকী করবেন।

০৪। বাস্তবায়ন নির্দেশিকার ৭.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং ৭.৫ নং অনুচ্ছেদ এর বর্ণনা মোতাবেক সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সমিতি/দল পরিদর্শন ছাড়াও দৈবচয়নের ভিত্তিতে প্রতি মাসে প্রত্যেক মাঠ সংগঠকের ২টি করে সমিতির যাবতীয় কার্যক্রম যাচাই করতে হবে।


০৫। উপজেলার সকল চেকবহির প্রতি পাতায় Ac Pay Only সিল মারতে হবে। তাছাড়া সুফলভোগী সদস্যদের জামানত হিসাবে পোস্ট ডেটেড ক্রস চেক সংরক্ষণের ক্ষেত্রে বাস্তবায়ন নির্দেশিকার ৫.১৪ এবং ৫.১৯ (৩) এ বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে। সুফলভোগী সদস্যদের জামানত হিসাবে পোস্ট ডেটেড ক্রস চেক ইউআরডিও'র তত্ত্বাবধানে হিসাব সহকারীর নিকট সংরক্ষণ করতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
তারিখঃ- ০৬ আগস্ট ২০২৩

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ১১১৭

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. পরিচালক (পরিচালনা/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক, সংশ্লিষ্ট সকল জেলা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), সকল উপজেলা।
৭. অফিস কপি।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন-০২-৪১০১০৩৪১